দৈনিক ইত্তেফাক

তারিখ MAR. 1 2 1999
পৃষ্ঠা ? কলাম ৬

546

## ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জোরপূর্বক চুম্বনের অপরাধে এক ছাত্রকে শো-কজ

**স্টাফ রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে গতকাল প্রকাশ্যে এক ছাত্রীকে জোরপূর্বক চুমু খাওয়ার অপরাধে সহপাঠী ছাত্র অপূর্ব শিকদারকে বিশ্ববিদ্যালয়ের শৃংখলা রক্ষা কমিটি শো-কজ করেছে। বিশ্ববিদ্যালয় থেকে কেন তাকে বহিষ্কার করা হবে না সেজন্য উপযুক্ত কারণ দর্শাতে বলা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টোরিয়াল আইন অনুযায়ী ক্যাম্পাসে চুমু খাওয়া একটি কঠিন শাস্তিযোগ্য অপরাধ। তদন্ত শেষে দোষ প্রমাণিত হলে এজন্য ঐ ছাত্রকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হবে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল (বৃহস্পতিবার) সকাল ১০টায় ক্লাস শেষে কলাভবন করিডোর দিয়ে হেঁটে যাবার সময় বাংলা বিভাগের ১ম বর্ষের ছাত্রী পল্লবী কর্মকারকে সংস্কৃত ও পালি বিভাগের ১ম বর্ষের ছাত্র অপূর্ব সরকার জোরপূর্বক জড়িয়ে ধরে গালে চুমু খায়। ঘটনার আকস্মিকতায় হতবিহ্বল ছাত্রীটি চিৎকার করে ওঠে এবং ভীত

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## ক্যাম্পাসে চুম্বন

প্রথম পৃষ্ঠার পর

সন্ত্রস্তভাবে দৌড়ে শিক্ষক লাউঞ্জে গিয়ে আশ্রয় নেয়। এদিকে অপূর্বও দ্রুত কেটে পড়ার চেষ্টা করলে পল্লবীর সহপাঠিনীরা তাকে ধরে ফেলে। এ সময় প্রোক্টর ডঃ নূরুন্নবী ঐ স্থান দিয়ে ক্লাসে যাবার সময় তিনিও ঘটনা প্রত্যক্ষ করেন এবং ছাত্রটির কাছ থেকে বিশ্ববিদ্যালয়ের পরিচয়পত্র ও তার বাসস্থানের ঠিকানা রেখে তাকে ছেড়ে দেন। এই লাঞ্ছনার জন্য পরে পল্লবী ও ঘটনার সময় উপস্থিত তার সহপাঠীরা প্রোক্টরের কাছে লিখিতভাবে অভিযোগ করে দৃষ্টান্তমূলক বিচার চায়। পল্লবীর বান্ধবীরা জানায়, গত কয়েক দিন যাবত অপূর্ব তাকে বিরক্ত করছিল এবং ঠিকানা নেয়ার চেষ্টা করছিল। তবে সে ব্যর্থ হওয়ায় গতকাল এভাবে পল্লবীর ওপর চড়াও হয়। প্রোক্টর জানান, এ ঘটনার জন্য অভিযুক্ত ছাত্রকে কড়া শাস্তি দেয়া হবে।